বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

৭ম সমাবর্তন-২০২৭

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এর **৭ম সমাবর্তন-২০২৭, আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৭, রবিবার, সকাল ১০.৩০ ঘটিকায়** বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

১. **সমাবর্তনে অংশগ্রহণের যোগ্যতা: ০১ জুলাই ২০২২ হতে ১৫ নভেম্বর ২০২৬** তারিখ পর্যন্ত বিইউপির অঙ্গীভূত ফ্যাকাল্টি এবং অধিভুক্ত প্রতিষ্ঠান হতে যে সকল গ্র্যাজুয়েট (ব্যাচেলরস, অনার্স ও পাস কোর্স, মাস্টার্স, ডিপ্লোমা ও পোস্টগ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং এমফিল ও পিএইচডি) ডিগ্রি অর্জন করেছেন অর্থাৎ এই সময়ে যাদের ফলাফল প্রকাশিত হয়েছে তারা অংশগ্রহণ করতে পারবেন। সমাবর্তনে অংশগ্রহণকারী যোগ্য গ্র্যাজুয়েটগণের তালিকা বিইউপির সমাবর্তন পোর্টালে পাওয়া যাবে।

২. **সমাবর্তনের রেজিস্ট্রেশন ফি:** সমাবর্তনের জন্য প্রোগ্রামভিত্তিক রেজিস্ট্রেশন ফি নিম্নরূপ:

২.১ স্নাতক (Bachelor's/Pass & Honours) পর্যায়: ৪,৫০০/- টাকা;

২.২ স্নাতক পর্যায় ব্যতীত অন্য সকল (Master's/Professional Master's/Diploma/M.Phil/Ph.D) পর্যায়: ৫,০০০/- টাকা।

৩. **সমাবর্তনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া:** সমাবর্তনের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণীয়:

৩.১ বিইউপির সমাবর্তন পোর্টাল (convocation.bup.edu.bd)-এর মাধ্যমে সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে। রেজিস্ট্রেশন ফরমে আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি (jpg ফরম্যাট) আপলোড করতে হবে। উক্ত ছবি সমাবর্তন ম্যাগাজিনে ব্যবহার করা হবে।

৩.২ সমাবর্তনের রেজিস্ট্রেশন ফি ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং বা ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে অনলাইনে জমা দেওয়া যাবে। সমাবর্তনের ফরম পূরণের সময় রেজিস্ট্রেশন ফি পরিশোধের লিঙ্ক পাওয়া যাবে।

৩.৩ সমাবর্তন ফরম পূরণের সময় গ্র্যাজুয়েটের বিইউপি রেজিস্ট্রেশন নম্বর, এনআইডি নম্বর, মোবাইল নম্বর এবং সক্রিয় ই-মেইল অ্যাড্রেস প্রয়োজন হবে। উক্ত ই-মেইল অ্যাড্রেসে সমাবর্তনের **ACKNOWLEDGEMENT RECEIPT** প্রেরণ করা হবে।

৪. **সমাবর্তনের রেজিস্ট্রেশন সময়সীমা:** **সমাবর্তনের রেজিস্ট্রেশন ফরম ১৮ নভেম্বর ২০২৬ থেকে ১৫ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে পূরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই রেজিস্ট্রেশন করা যাবে না।**

৫. **সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ:**

৫.১ সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি **আগামী ০২, ০৩, ০৪ ও ০৫ ফেব্রুয়ারি ২০২৭** যথাক্রমে **মঙ্গল, বুধ, বৃহস্পতি ও শুক্রবার** (প্রতিদিন সকাল ০৯.০০-বিকেল ০৪.০০ ঘটিকা) এর মধ্যে বিইউপি থেকে সংগ্রহ করতে হবে। কোনো অবস্থাতেই সমাবর্তনের দিন আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ করা যাবে না।

৫.২ সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম ও আনুষঙ্গিক দ্রব্যাদি সংগ্রহ করার সময় যা জমা দিতে হবে:

৫.২.১ সাময়িক সনদপত্রের মূল কপি অথবা মূল সনদপত্রের মূল কপি। ইতোমধ্যে মূল সনদপত্র গ্রহণকারী গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে পূর্বে গ্রহণকৃত মূল সনদপত্র ফেরত প্রদান সাপেক্ষে সমাবর্তনে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে; এবং

৫.২.২ আবেদনকারীর ই-মেইল অ্যাড্রেসে প্রাপ্ত অথবা সমাবর্তন পোর্টাল হতে ডাউনলোডকৃত ACKNOWLEDGEMENT RECEIPT।

৬. **বিশেষ দ্রষ্টব্য:**

৬.১ নির্ধারিত সময়সীমার মধ্যে রেজিস্ট্রেশন ব্যতীত কোনো গ্র্যাজুয়েট সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন না।

৬.২ সমাবর্তনের নির্ধারিত কস্টিউম ব্যতীত অংশগ্রহণ করা যাবে না।

৬.৩ প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্নের জন্য ন্যূনতম দুই থেকে তিন ঘণ্টা পূর্বে সমাবর্তনস্থলে উপস্থিত থাকতে হবে।

৬.৪ সমাবর্তনের সময় আমন্ত্রণপত্র ব্যতীত কোনো ব্যক্তি বা অতিথির প্রবেশ বা উপস্থিতি নিষিদ্ধ। মূল সনদপত্র সংগ্রহ না করা পর্যন্ত আমন্ত্রণপত্র সংরক্ষণ করতে হবে।

৬.৫ আমন্ত্রণপত্র হস্তান্তরযোগ্য নয়। খাবার ও পানির বোতল নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।

৬.৬ সমাবর্তন সংক্রান্ত বিস্তারিত তথ্যসমূহ বিইউপির সমাবর্তন পোর্টালে উল্লেখ করা থাকবে।

৭. **যোগাযোগ:** সমাবর্তনের জন্য নিম্নোক্ত নম্বরে যোগাযোগ করা যাবে (সকাল ০৮.০০ থেকে বিকাল ০২.৩০ ঘটিকা পর্যন্ত):

৭.১ সমাবর্তন সংক্রান্ত বিষয়: অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (০১৭৬৯০২৮৭৯৮);

৭.২ অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে জটিলতা নিরসনকল্পে: আইসিটি সেন্টার (০১৭৬৯০২৮৭৯৯)।

২৭.১১.২০২৬

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ রাব্বি আহসান
রেজিস্ট্রার